



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.১৬৪.২০২০-৮৪৫

তারিখ: ০৯/০১/২০২০

বিষয়: মাধ্যমিক কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং সবার জন্য জেন্ডার সমতা নিয়ে নির্মিত শাহানা কার্টুনের নির্বাচিত এপিসোড শ্রেণিকক্ষে ব্যবহারের উদ্বোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউএনএফপিএ নির্মিত 'শাহানা' কার্টুনের বিষয়বস্তু হলো বয়ঃসন্ধিকালীন যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং সবার জন্য জেন্ডার সমতা। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশিকা ও পাঠপত্রিকল্পনা অনুযায়ী উক্ত কার্টুন ৬ষ্ঠ-৯ম/১০ম শ্রেণির সংশ্লিষ্ট অধ্যায়ের সাথে শ্রেণিকক্ষে ব্যবহার করা হবে। আগামী ১১ জানুয়ারি ২০২০, শনিবার, সকাল ৯.০০ টায় লেক সার্কাস উচ্চ বালিকা বিদ্যালয়, কলাবাগান-এ নমুনা ক্লাসের মাধ্যমে শ্রেণিকক্ষে শাহানা কার্টুন ব্যবহারের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানটি ফেসবুক লাইভ-এর মাধ্যমে সারাদেশে প্রচার করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি. উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ক্লাসটির ফেসবুক লাইভ সকল মাধ্যমিক বিদ্যালয়ে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

লাইভ প্রচারের লিঙ্ক: a2i-Access to Information (Facebook Page)

Belal
০৯/০১/২০২০

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন-অ.দা.)
ফোন: ০২-৯৫৫৩৫৪২

জেলা শিক্ষা অফিসার
সকল জেলা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ০৩) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (a2i)
- ০৪) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
- ০৫) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক, জেনারেশন ব্রেকথ্রু প্রকল্প
- ০৬) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল
- ০৭) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল
- ০৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ০৯) থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল থানা/উপজেলা (সুষ্ঠুভাবে বাস্তবায়নের অনুরোধসহ)
- ১০) কান্ট্রি ডিরেক্টর, ইউএনএফপিএ
- ১১) কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, গ্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ
- ১২) প্রকল্প ব্যবস্থাপক, জেনারেশন ব্রেকথ্রু, কনসার্নড উইমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্ট (সিডবিউএফডি), বাংলাদেশ
- ১৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ১৪) সংরক্ষণ নথি